

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ যাকাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৮৩) দুর্বল ঈমানের অধিকারী কোনো ব্যক্তিকে ঈমান শক্তিশালী করার জন্য যাকাত দেওয়া যাবে কী? সে কিন্তু কোনো এলাকার নেতা বা সরদার নয়।

উত্তর: মাসআলাটি বিদ্বানদের মাঝে মতবিরোধপূর্ণ। আমার মতে ইসলামের প্রতি ধাবিত করতে ঈমান শক্তিশালী করার জন্য তাকে যাকাত দিলে কোনো অসুবিধা নেই। যদিও সে কোনো কবীলা বা এলাকায় সরদার বা নেতা না হয়। যদিও একান্ত ব্যক্তিগতভাবে উক্ত উদ্দেশ্যে দেওয়া হয়। কেননা আল্লাহ বলেন, "তাদের হৃদয়গুলো ইসলামের দিকে ধাবিত করার জন্য।" যখন ফকীর ও অভাবীকে যাকাত দেওয়া বৈধ তখন দুর্বল ঈমানের অধিকারী ব্যক্তিকে তা প্রদান করা তো আরো অধিক বৈধ। কেননা কোনো ব্যক্তির শরীর শক্তিশালী করার চেয়ে তার ঈমানকে শক্তিশালী করা অধিক গুরুত্বপূর্ণ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1056

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন